



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪০

২৯ জুলাই ২০২১
তারিখঃ -----
১৪ শ্রাবণ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেম্বর করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে
সম্ভব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রগোদ্ধন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৫ জুন ২০২০ তারিখে
জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোচ্চ সার্কুলার অনুযায়ী ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানের অনুকূলে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ
স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঙ্গলীকৃত/প্রদত্ত সীমার সর্বোচ্চ ৩০% পর্যন্ত ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা নির্ধারিত ছিল।
এতদ্বারা বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩/২০২০ মোতাবেক ঋণ/বিনিয়োগের প্রাপ্যতার সম্পরিমাণ অর্থ কোন গ্রাহকের
অনুকূলে এক বছরে প্রদান করা সম্ভবপর না হলে অবশিষ্ট প্রাপ্য অর্থ প্যাকেজের অবশিষ্ট মেয়াদের মধ্যে প্রদানের সুযোগ দেয়া হয়।

০৩। এক্ষণে, আলোচ্য প্রগোদ্ধনা প্যাকেজ যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, যেসকল
প্রতিষ্ঠান আলোচ্য প্রগোদ্ধনা প্যাকেজ হতে ইতোমধ্যে প্রথম মেয়াদে অর্থাৎ ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ঋণ/বিনিয়োগ এর
আর্থিক সুবিধা প্রাপ্ত হয়েছেন, সেসকল প্রতিষ্ঠানের অনুকূলে ১ জুলাই ২০২১ তারিখ হতে তাদের প্রাপ্যতার অবশিষ্ট অর্থ
ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঙ্গলীকৃত/প্রদত্ত সীমার
উপর ভিত্তি করে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৪। যেসকল প্রতিষ্ঠান আলোচ্য প্রগোদ্ধনা প্যাকেজ হতে প্রথম মেয়াদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্ত হয়নি, সেসকল
প্রতিষ্ঠানের অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছর এবং তদ্পরবর্তীতে নতুনভাবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর
২০২০ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ মঙ্গলীকৃত/প্রদত্ত সীমার ভিত্তিতে প্রাপ্যতা নির্ধারিত হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২